# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com


স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য-০৫/৫০০০/২০২১/৪৭৪

তারিখ ঃ ১৩ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

## ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর **২০২১** সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০.০০ টা থেকে ১১.৩০ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২.০০ টা থেকে ৩.৩০টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়) | ১৩৬ | ১৪/১১/২০২১<br>রবিবার | × | × |
| ১। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা | ১৫৩ | ১৫/১১/২০২১<br>সোমবার | ১। হিসাব বিজ্ঞান | ১৪৬ |
| ১। রসায়ন (তত্ত্বীয়) | ১৩৭ | ১৬/১১/২০২১<br>মঙ্গলবার | × | × |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ২১/১১/২০২১<br>রবিবার | ১। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৫২ |
| ১। উচ্চতর গণিত(তত্ত্বীয়)<br>২। জীববিজ্ঞান(তত্ত্বীয়) | ১২৬<br>১৩৮ | ২২/১১/২০২১<br>সোমবার | × | × |
| ১। পৌরনীতি ও নাগরিকতা<br>২। অর্থনীতি | ১৪০<br>১৪১ | ২৩/১১/২০২১<br>মঙ্গলবার | ১। ব্যবসায় উদ্যোগ | ১৪৩ |

### বিশেষ নির্দেশাবলী

১। **কোভিড -১৯ অতিমারীর কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

২। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে নির্ধারিত স্থানে আসন গ্রহণ করতে হবে।

৩। পরীক্ষার সময় ০১ ঘন্টা ৩০ মিনিট।

* MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।

(ক) সকাল ১০.০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০৯.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি (OMR) শীট বিতরণ।
সকাল ১০.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।
সকাল ১০.১৫ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR) শীট সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

(খ) দুপুর ০২.০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

দুপুর ১.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি (OMR) শীট বিতরণ।
দুপুর ২.০০ টা. বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।
দুপুর ২.১৫ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR) শীট সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।

৫। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়ে এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান সমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। প্রতিষ্ঠান নিজ নিজ পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বর প্রদান করে নম্বর সমূহ ২৮/১১/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের **OMR** ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি. যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বরের অংশে পৃথকভাবে পাস করতে হবে।

৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী) নিজ বিদ্যালয়/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না, পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

১০। **পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।**

১১। কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবে না। শুধুমাত্র কেন্দ্র সচিব ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতিত) ব্যবহার করতে পারবেন।

১২। সৃজনশীল/ রচনামূলক (তত্ত্বীয়) ও বহুনির্বাচনী পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।

১৩। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

২৮/০৯/২০২১

(প্রফেসর মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০২৯৯৬৬৪৩৪৩৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট।
৪। রেঞ্জ ডি আই জি, সিলেট।
৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ যশোর/কুমিল্লা/ চট্টগ্রাম/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড।
৬। সিলেট শিক্ষা বোর্ডের আওতাভুক্ত জেলা সমূহের জেলা প্রশাসকগণ।
৭। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ যশোর/কুমিল্লা/ চট্টগ্রাম/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড।
৮। সিলেট শিক্ষা বোর্ডের অনুমোদিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ।
৯। সিলেট শিক্ষা বোর্ডের অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয় সমূহের প্রধানগণ।
১০। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
১১। সিলেট শিক্ষা বোর্ডের আওতাভূক্ত উপজেলা সমূহের উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দ।
১২। ডেপুটি পোষ্ট মাস্টার জেনারেল, হেড পোষ্ট অফিস, সিলেট।
১৩। সিলেট শিক্ষা বোর্ডের কর্মকর্তাবৃন্দ।
১৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৫। সংরক্ষণ নথি।

২৮/০৯/২০২১
(শরীফ আহাম্মেদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।